



বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

জীবন বীমা টাওয়ার (১৫, ১৬, ১৭ ও ২১তম তলা), ১০ দিলকুশা বা/এ, ঢাকা-১০০০, বাংলাদেশ।

সূত্র নং- এসইসি/মুখপত্র/২০১১/১২৮৮

তারিখঃ ০৪/০৩/২০১৪ ইং

প্রেস বিজ্ঞপ্তি

৫১২ তম কমিশন সভা অদ্য ০৪/০৩/২০১৪ ইং তারিখে তারিখে কমিশনের সভা কক্ষে চেয়ারম্যান অধ্যাপক ড. এম. খায়রুল হোসেন এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় অন্যান্যের মধ্যে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়েছে :

১. বাংলাদেশ পুঁজিবাজারের ডেরিভেটিভ মার্কেট/ ক্লিয়ারিং কর্পোরেশন/ কমোডিটি মার্কেট প্রতিষ্ঠার লক্ষ্যে সার্বিক বিষয় বিবেচনা করে প্রতিবেদন দাখিলের জন্য সভায় নিম্নলিখিত তিনটি কমিটি গঠন করা হয় :

ডেরিভেটিভ মার্কেট সংক্রান্ত কমিটি

- ক) জনাব ফরহাদ আহমেদ, নির্বাহী পরিচালক, বিএসইসি, আহ্বায়ক
- খ) জনাব মোহাম্মদ রেজাউল করিম, পরিচালক, বিএসইসি, সদস্য
- গ) জনাবা ফারহানা ফারুকী, পরিচালক, বিএসইসি, সদস্য সচিব


ক্লিয়ারিং কর্পোরেশন সংক্রান্ত কমিটি

- ক) জনাব মোঃ সাইফুর রহমান, নির্বাহী পরিচালক, বিএসইসি, আহ্বায়ক
- খ) জনাব মোঃ মাহবুবুল আলম, নির্বাহী পরিচালক, বিএসইসি, সদস্য
- গ) জনাব প্রদীপ কুমার বসাক, পরিচালক, বিএসইসি, সদস্য সচিব

কমোডিটি মার্কেট সংক্রান্ত কমিটি

- ক) জনাব মোঃ মাহবুবুল আলম, নির্বাহী পরিচালক, বিএসইসি, আহ্বায়ক
- খ) জনাব মোহাম্মদ জাহাঙ্গীর আলম, পরিচালক, বিএসইসি, সচিব
- গ) জনাব মনসুর রহমান, পরিচালক, বিএসইসি, সদস্য সচিব

২. Southeast Bank Capital Services Limited (Merchant Bank) নতুন তালিকাভুক্ত সিকিউরিটিজে ১ থেকে ৩০ দিনের মধ্যে মার্জিন ঋণ প্রদান না করার শর্ত ভঙ্গ করে কতিপয় বিনিয়োগকারীগণকে ঋণ প্রদান করার মাধ্যমে কমিশনের আদেশ নং- এসইসি/সিএমআরআরসিডি/২০০১-৫০/১৬৭ তারিখঃ ০১/১০/২০০৯ ভঙ্গ করায় কমিশন আজকের সভায় Southeast Bank Capital Services Limited (Merchant Bank) -কে ২ (দুই) লক্ষ টাকা জরিমানা ধার্য করার সিদ্ধান্ত গ্রহণ করেছে।
৩. Khulna Printing & Packaging Limited এর ১০ টাকা মূল্যমানের ৪ কোটি টি সাধারণ শেয়ার প্রাথমিক গণ প্রস্তাব (IPO) এর মাধ্যমে ইস্যু করার অনুমোদন দেয়া হয়েছে। এই IPO এর মাধ্যমে কোম্পানিটি ৪০.০০ কোটি টাকা পুঁজি উত্তোলন করে চলতি মূলধন, ব্যাংকের টার্ম ঋণ এবং প্রাথমিক গণ প্রস্তাবের খরচ খাতে ব্যয় করবে। Khulna Printing & Packaging Limited এর ৩০শে জুন ২০১৩ সালের সমাপ্ত বৎসরের আর্থিক প্রতিবেদন অনুযায়ী শেয়ার প্রতি আয় (EPS) ২.৮২ টাকা এবং নেট এ্যাসেট ভ্যালু (NAV) ২৪.২৬ টাকা (পুনঃমূল্যায়িত)। উল্লেখ্য, Khulna Printing & Packaging Limited এর ইস্যু ব্যবস্থাপনার দায়িত্বে নিয়োজিত রয়েছে Sonali Investment Limited।


০৪/০৩/২০১৪
মোঃ সাইফুর রহমান
নির্বাহী পরিচালক ও মুখপাত্র